

ଅଞ୍ଜଳି

୧୫୨୭

ANTALI 2016  
DURGA PUJA MAGAZINE





*Photography by Bulu Dey*

## সূচীপত্র

আমাদের পূজো ~ Utpal Roychowdhury 4

সাথী ~ Pravat Hazra 5

কলিযুগের গাথা ~ Surama Das 6

অনামিকা ~ Surama Das 7

একলা আপন ~ Arnab Dasgupta 8

আর্জি ~ Bithika Rudra 9

ভাইটু মামার কাণ্ডকারখানা ~ Sushovita Mukherjee 10

রঙ-বেরঙ ~ Gautam Sarkar 13

অবসর ও আমরা: কিছু দৃশ্য, কিছু চিন্তা ~ Kokila Bhadra 18

রক্ত চাই ~ Gautam Sarkar 20

মায়ের লেখনীতে Bharati Mukherjee, and Pradipta Chatterji 21

WhatsApp-এর মাধ্যমে পাওয়া ~ Bharati Ghosh 25

Feminism ~ Madhavan Murali 34

Haikus to dusk: Words Asish Mukherjee, drawing ~ Amrita Chatterji 35

Durga Puja In America - American Roofs ... Indian Roots ~ Sankar Chanda 36

Binghamton: the Blue and the Green ~ Sushma Madduri 39

Greece – a tryst with the past ~ Asish Mukherjee 42

অলঙ্করণ : সোহিনী ব্যানার্জি

Dateline: Orlando, Florida -random musings of a true-blue Bangali in a Yankee city ~ Sujit Mukherjee 46

Sgnificance of Durga puja in different parts of India ~ Archana Susarla 49

Waterlilies-hobby, turned into passion ~ Bulu Dey 51

The Indian diaspora in the U.S.A - a promising future ~ Dilip Hari 53

Bits and pieces from Beijing Travel ~ Pradipta Chatterji 58

### Photography

“Mayejhiye/Mayepoye” (Mother-Daughter/Mother-Son) ~ Damayanti Ghosh 31

### Drawing and Painting

Giving Tree & Farm House ~ Ella Bagchi 26

Weather Teller ~ Lisa Singh 27

Sports ~ Reah Singh 27

Fishing ~ Roshni Ray 28

Fishing boat & The Lagoon ~ Amrita Banerjee 29

Dal Lake ~ Dipa Dasgupta 30



# Message from the Board

*Dear Friends,*

*The Greater Binghamton Bengali Community will celebrate Durga Puja on October 1, 2016. This will be our ninth celebration of this auspicious event. We take this opportunity to pay our humble & heartfelt homage to the supreme mother. The support and the spontaneous participation of our community members from the region strengthen our common bond each year and this year is no exception.*

*We thank all of our volunteers for their involvement in the planning and execution of different aspects of the entire Durga Puja program. So many of the volunteers have contributed their time and effort in so many different ways. We are deeply indebted to all of them.*

*Like previous years, the evening program will present local talents. The after dinner music extravaganza will showcase Bollywood music, complemented by a plethora of Bengali songs. We cordially invite your family and you to join us on this festive occasion and make the 'Durga Puja-2016' celebration a grand success.*

*Sincerely,*

*2016 Durga Puja Committee  
Greater Binghamton Bengali Association  
<http://www.binghamtonpuja.org/>*





## সম্পাদকীয়

আমাদের এই ছোট্ট শহরের আরও ছোট বাঙালি সমাজের দুর্গাপূজা এবারে নয় বছরে পড়লো। সামান্য কয়েকজন সদস্য মিলে আমাদের পূজা অনুষ্ঠিত হয়ে চলেছে অসীম ন্যায়, নিষ্ঠা, ভালবাসা ও আনন্দের সঙ্গে।

দেশে ও বিদেশে সকল দুর্গাপূজার অনুষ্ঠানের মধ্যে দিয়ে বাঙালি চিরদিনই প্রকাশ করে চলেছে তার ধর্ম, সংস্কৃতি, ও সামাজিকতা। দুর্গাপূজার উদযাপনে দেখা যায় বাঙালির শিল্প, সংস্কৃতি, এবং সৌন্দর্য বোধের অনন্য এবং সৃষ্টিশীল সমন্বয়। শারদ সাহিত্য চিরদিনই দুর্গাপূজার সঙ্গে অবিচ্ছেদ্য হয়ে থেকেছে। এই ঐতিহ্য বজায় রেখে আমরাও প্রতি পূজাতে আমাদের পূজা পত্রিকা অঞ্জলি প্রকাশ করি; প্রতিবারের মতো এবারেও আমাদের সাহিত্য নিবেদন অঞ্জলি আপনাদের কাছে নিয়ে এলাম আপনাদের ভাল লাগার আশায়।

সাহিত্য মানুষকে ন্যায়ের পথে চালনা করার প্রচেষ্টা। সাহিত্যেই আবহমান কাল ধরে প্রতিফলিত হয়ে এসেছে সেই সময়ের সমাজ, পরিবেশ, এবং তৎকালীন পৃথিবীর মূল ঘটনাবলি। এইভাবে সাহিত্য চিরকাল মানুষকে তার পারিপার্শ্বিকতার বিষয়ে অবহিত করে এসেছে।

আজকের সারা বিশ্বের সাম্প্রতিক কিছু ঘটনা সাধারণ মানুষের শান্তি, স্বস্তি এবং স্বাভাবিক জীবনযাত্রার র বিষয় ঘটাচ্ছে। মার্কিন যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া, ইউরোপের প্যারিস, ব্রাসেলস, জার্মানি, বাংলাদেশের ঢাকা, ও মধ্যপ্রাচ্যের দেশগুলিতে ক্রমান্বয়ে ঘটে চলেছে সন্ত্রাসমূলক ক্রিয়াকলাপ। কিছু বিপথগামী অথবা বিভ্রান্ত মানুষের এই ধ্বংসাত্মক ও অনিষ্টকারী কাজ কর্ম সারা বিশ্বেই ক্রমবর্ধমান। কিভাবে এদের রোধ করা সম্ভব তার হৃদিশ কোনোভাবেই মিলছেনা।

সেই পুরাণের যুগে দেবী বন্দনার মাধ্যমে রামচন্দ্র করেছিলেন শক্তির আহ্বান...অন্যায়ের বিনাশের আশায়। দুর্গাপূজার অন্তর্নিহিত অর্থই হোল দুষ্টির দমন আর শক্তির প্রসারণ। মা সিংহবাহিনী রূপে মহিষাসুররূপী অন্যায়ের দমন করে স্বর্গে ও মর্তে ফিরিয়ে দিয়েছিলেন শান্তি ও শৃঙ্খলা। আমাদের এখন সেই শক্তিরূপি মাকে বড়ই দরকার বর্তমান পৃথিবীর অন্যায়ের সমাধানের জন্য। আজ সারা জগতের মানুষের সবচাইতে বেশি

প্রয়োজন...শক্তির ও শৃঙ্খলার ... আমরা জানিনা কিভাবে আমরা এই বিশ্বশান্তি স্থাপন করতে পারবো।

তাই আজ মায়ের কাছে আমরা সারা জগতের কল্যাণ ও শক্তির জন্য কামনা জানাই।

আপনাদের সবাইকার জন্য রইল অনেক প্রীতি, শুভেচ্ছা, ও শুভকামনা অঞ্জলির পক্ষ থেকে।

আপনারা যাঁরা সাহিত্য ও শৈল্পিক অবদানের দ্বারা অঞ্জলিকে সম্ভব করেছেন তাঁদের জন্য রইল আমাদের আন্তরিক ধন্যবাদ

প্রদীপ্তা চ্যাটার্জি



## আমাদের পূজো

আবার মা দুর্গা সগৌরবে ফিরে আসছেন পিট্রালয়ে। আমরা সবাই আকুল আগ্রহে অপেক্ষা করে আছি তাঁকে বরণ করে নেবার জন্যে। প্রবাসী বাঙ্গালী আমরা। পৃথিবীর যে কোনও প্রান্তেই সবাই দেখে একই ছবি। প্রতীক্ষারত বাঙ্গালী দিন গুণে যাচ্ছে, আর কতদিন বাকি পূজোর। বৃহত্তর বিংহ্যামটনের বাঙ্গালী সমাজের মনেও আজ একই চিন্তা। প্রস্তুতি নিচ্ছে আমরা এবছর অক্টোবরের এক তারিখ মার আরাধনার, মার পায়ে অঞ্জলি দেবার। শুদ্ধ পঞ্জিকার দিনক্ষণের সাথে আমাদের পূজোর নির্ঘণ্ট মেলে না প্রয়োজনের তাগিদে। সপ্তাহান্তে করতে হয় আমাদের পূজোর অনুষ্ঠান। নিয়মের এটুকু বাইরে যাওয়া ছাড়া আর কোনও কিছুতেই ঘাটতি থাকে না আমাদের। শাস্ত্রীয় মতে আচার মেনে পূজো, তারপর অঞ্জলি, প্রসাদ, মধ্যাহ্নভোজ, সন্ধ্যায় আরতি, গান, বাজনার আনন্দমেলা স্থানীয় এবং বহিরাগত শিল্পীদের। প্রায় মাঝরাতে যখন অতিথিরা বাড়ী ফিরে যেতে শুরু করেন, তখন সবার মনেই এক প্রশান্ত পরিতৃপ্তি। এটুকুই হচ্ছে প্রবাসে বাঙ্গালীর মাতৃ আবাহনের সারমর্ম। আবহমান কাল (অর্থাৎ, যখন থেকে যথেষ্ট সংখ্যায় বাঙ্গালীরা বিদেশে পাড়ি দিয়েছে স্থায়ী ভাবে থাকবার জন্যে) থেকে আমরা এভাবেই বিদেশে মাতৃ বন্দনা করে আসছি।

পরিবর্তন হচ্ছে কালের চিরন্তন ধর্ম। গত বছরেও ‘আমাদের পূজো’ লিখবার সময় এ নিয়ে মন্তব্য করেছিলাম দু’একটা। এবারেও তাই করতে যাচ্ছি, তবে অন্য দৃষ্টিকোণ থেকে। অনিবার্য ভাবেই ধীরে ধীরে সর্বত্র প্রবাসী বাঙ্গালীর সংখ্যা বেড়ে চলেছে। আমরাও তার ব্যতিক্রম নই। ভালো মন্দ মিশিয়ে নতুন চিন্তার ছোঁয়াচ লাগছে আমাদের কার্যক্রমে। পুরাতনের সাথে নতুনকে সাবলীল ভাবে মেলানোর প্রচেষ্টা সবার চিন্তাধারায়। বিশ্বের এক অমোঘ নীতি হল এই যে যুগোপযোগী ভাবে যদি বৃদ্ধি না ঘটে, তবে ক্ষয় অবশ্যম্ভাবী। মহাব্রহ্মাণ্ড প্রতি মুহূর্তে অনিবার্য ভাবে বেড়ে চলেছে, বিপরীত মেরুতে একটা ছোট্ট ফুলের কুঁড়ির আপ্রাণ প্রচেষ্টা নিজেকে পরিপূর্ণ ভাবে মেলে ধরবার। আমাদের দুর্গোৎসব যাপনের এই প্রচেষ্টাও একই ভাবে আরও বিকশিত হয়ে উঠুক, এই প্রার্থনা জনাই মায়ের পায়ে। সমবেত ভাবে যদি আমরা সবাই মিলে একই ভাবে অনুপ্রাণিত হই আমাদের আগামীদিনের দুর্গোৎসবগুলো সার্থক করে তোলার জন্যে, তা হলে মা দুর্গা নিশ্চয়ই আমাদের ইচ্ছে পূর্ণ করবেন।



উৎপল রায়চৌধুরী



Born in Shillong, India, educated in India, worked in USA. Retired now. Enjoys community service, traveling and leisurely time.



## সাথী

বেঁধেছি যে গানগুলি মোর  
সাঁঝের শেষে নবীন প্রাতে  
কোথায় তুমি কোন সাথী গো  
গাইবে তুমি আমার সাথে?

গানের যত সুরগুলি মোর  
হয়নি দেওয়া এখনও যে  
কেমন করে জানব আমি  
আমার সাথে গাইবে ও কে?

অসীম পথে কত দূরে  
কত শত তারার মাঝে  
খুঁঝেছি যে বারে বারে  
সুরগুলি মোর পাবার আশে।

গোলাপ চাঁপা বকুল বনে  
কি হবে আর অন্বেষণে?  
রইনু বসে তোমার আশায়  
আসবে যখন আপন মনো

গানগুলি মোর উঠবে জেগে  
তোমার হাতের পরশ লেগে  
সুরের দোলায় দোল দুলিয়ে  
গাইবো মোরা দুজনাতে ।



### **Pravat Hazra**

Pravat Hazra lives in the Boston area, he is a retired professor and renowned writer in the Bengali language in the United States.

## কলিযুগের গাথা

আষ্টে পৃষ্ঠে তুই যে বাধা  
তুই যে হলি কলিযুগের গাথা  
অনন্ত কাল ধরে বয়েই গেলি কত শত বোজা,  
নেই কি তোর কোন অভিযোগ?  
না কি! নেই কোন তোর বোধ!  
তুই যে হলি অনেক ভালো, একেবারেই সোজা।  
করিস দিন রাত কতো কাজ  
নেই কোন তোর নতুন সাজ  
বোঝা নিয়ে ঘাস কতো উঁচু নিচু পথে মনিবের সাথে,  
একই ভাবে দাড়িয়ে থাকিস সেথায়  
নিশ্চয়ই তোর পিঠ টন টন করে ব্যথায়  
সারাদিনের খাটখাটির পর হয় কি তোর ঘুম রাতে?  
কখনো কি জাগে না ইচ্ছে সব ছেড়ে চলে যেতে?  
ভালো থাকতে, ভালো খেতে আর ঘুরে বেড়াতে?  
তবুও তুই পরে আছিস এই মরুভূমির ধূলে,  
যেথায় নেই ঘাসের 'ঘ' পর্যন্ত  
এখানকার মনিবেরা তোর নিষ্ঠুর অত্যন্ত,



পাথর বইয়ে বইয়ে দিলো তোর গায়ের ছাল তুলো  
ঝড় বাদলে মরিস তুই ভিজে ভিজে  
রোদের তাপে ভাবিস করবি কি যে,  
নেই যে যাওয়ার জায়গা তোর এই ত্রিভুবনে,  
জন্ম হয়েছে তোর গাধার ঘরে  
মরতেই হবে তোকে এখানে পড়ে,  
বনে জঙ্গলে যেখানে লুকুবি, আনবে তোকে টেনে টেনে  
লম্বা লম্বা কান দুটো তোর  
ভয়ঙ্কর আওয়াজে করিস আবার শোর,  
তোকে দেখে সবাই হাসে, সবাই মজা করে,  
এত বড় মাথার ভারে  
থাকিস সর্বদাই নুয়ে নুয়ে  
কখনো মনিবেরা ঘুরে বেড়ায় তোর পিঠে চড়ে।  
কখনো যদি দেখিস সেথায়  
তোর স্বজাতিরা ঘুরে বেড়ায়  
দুঃখে যদি পরান কাঁদে তাদের দেখে দেখে,  
বাঁধন ছেড়ে যাবি চলে  
সব কিছু পিছে ফেলে  
হয়তো মুক্তি পেতেও পারিস এই বাঁধন থেকে।

### Surama Das

Surama Das was born in Comilla (located in present Bangladesh). She has intense passion for writing poems on woman's issues. Her poems focus on contemporary human relationship and romanticism and reflects her heightened interest in nature along with her expression of emotion and imagination. She lives in Pune city of Maharashtra, India.



## অনামিকা

সে যে ভালো বেসেছিলো তোমায়  
তুমি ছিলে তার মনের কোনায়,  
তাই সে দেখতো তোমায় লুকিয়ে,  
তোমার ডাগর চোখের পাতায়  
পদ্ম পাতার শিশির ঝুঁয়ে যায়,  
তা যেন অবহেলায় যায় শুকিয়ে  
তুমি ছিলে সবসময়ই আনমনে  
কিন্তু ছিলে তার মনের বনে,  
রঙিন প্রজাপতি যেথায় ঘুরে বেড়ায়,  
সে যে ভালোবেসে ছিলো তোমায়  
তা ছিলো যে তার চোখের ভাষায়,  
তোমার খুশবু যেন তার মনকে হারায়।  
ঐ নীল গগন তলে  
সাদা সাদা খণ্ড মেঘ ছুটে চলে,  
ছিলনা সময় তোমার তার সাথে চলার,  
খোলা বারান্দায় বুলবুলি পাখি  
তোমায় দেখবে বলে মারত উকিঝুঁকি  
ছিলো তোমার মনেও কত কিছু বলার।  
সে যে ছিলো ঐ খানে  
বাঁকা চোখে দেখেছিলো তোমার পানে,  
ছিলোনা সময় তোমার তাকে দেখার,  
ছিলো যে যাতনা তোমার বুকের মাঝে  
ছিলে তুমি উদাসীন সকল কাজে  
এই পৃথিবীতে কোথাও যাওয়ার পথ ছিলনা তোমার।  
তোমার বাগিচা ভরা ছিল ফুলে,  
তারা খেলতো তোমার সাথে হেলে দুলে,  
তুমি বলতে কথা তাদের সাথে সাথে,  
কোন আঙিনায় কে তোমাকে চায়,  
তোমার চাহনিতে কে মূর্তা যায়,

তা ছিলনা তোমার মনের পাতো  
কত দিন গেলো, কত বছর হোলো  
হাওয়ার বেগে ছুটলো সময় এলো মেলো,  
কে রাখে কার খবর কোথায়,  
যার বুকে বিঁধেছিল এই তীর খানি  
জীবনের কত কিছু হয়েছে হানি,  
তীর খানি ছোটাবার ছিল না কেও সেথায়।  
এসেছো একা একা অনেকটাই পথ  
ছুটে চলেছো তুমি ধরবে বলে রথ,  
পার হয়ে এলে খুশির জোয়ারে  
তবুও কাঁদে তোমার মন, তাকিয়ে এদিকে ওদিকে  
যেতেইতো পারে কত কিছু ছুটে অন্যদিকে  
খুশি থাক তাই নিয়ে, যা আছে তোমার খোঁয়াড়ে  
কখনো হোয়ানা অমনি করে আনমনা,  
রয়েছে যে তোমার পিছে তোমার ছোট সোনা,  
বাকি জীবনও পার হয়ে যাবে খুশি মনে,  
ছড়াবে খুশবু তোমার জীবনে আসে পাশে  
বসবে তুমি আঁচল পেতে ঐ সবুজ ঘাসে,  
ফুটবে অনেক লাল ফুল তোমার সেই বনে I

### সুরমা দাশ



## একলা আপন

ছিলে কত আপনার অনাদি অতীতে  
হারিয়েছি স্মৃতি তার জীবন প্রভাতে  
তবু জানি সদা তুমি আছো মোর প্রাণে  
দিনে রাতে জাগরনে শয়নে স্বপনে।  
আঁধার দুঃখ শোক বিষ অমৃত  
ভরা সংসার শেষে আছে তব আলো  
নিরন্তর মহাকাল হয়তো বা ভীত  
আমি নহি তোমায় যে বেসেছি গো ভালো।  
তোমার ভাবনা কেড়ে নেওয়া ব্যস্ততা  
জীবনের কলরোল হাসি আর কথা  
একদিন শেষ হবে—সব শেষ হয়  
শেষ দিয়ে হবে শুরু; আবার সময়  
নিয়ে যাবে কোনো এক অজানার দেশে—  
তোমার করুনা আর প্রেম অবশেষে—  
চরণকমলে তব আনন্দে অপার  
তুমি আর আমি মিলে হবো একাকার।  
তারও পরে যদি কোনো বিরহ বেলাতে  
ফিরাও আবার মোরে এই ধরনীতে  
তোমাতে মিলাব খেলে জীবনের খেলা  
ভালোবেসে আমি একা তুমিও একেলা।



**Arnab Dasgupta**

Arnab lives with his wife Dipa and son Arpan in Utica since 2002. He writes poems for fun and likes 'antomil' in his poems which is not common in modern poetry any more.



## আর্জি

মাথায় এসেছে দারুণ একটা প্ল্যান—  
যদি পরমেশ্বর কৃপা করে  
অভয় দেন,  
করি নিবেদন, একে একে তুলনা  
সব বন্ধুদের—  
প্রভু, এক সঙ্গে নাওনা কেন  
সবাইকে আমাদের?  
কেন? ওখানেও গড়ব মোরা  
ফ্রেণ্ড ক্লাব—  
সবাই মিলে আড্ডায় গানে  
রাখব সদভাব  
সেখানে থাকবে না কো সংসারের ঝামেলা  
বিনা কাজে বল প্রভু কাটবে  
কি করে বেলা?  
তোমার দেশের নিয়ম  
নেই কো কিছু জানা,  
এক সঙ্গে হাজির হলে  
থাকবে না কো ভাবনা।  
বীথির আর্জি ভেবে দেখো  
এই মোর প্রার্থনা।



### **Bithika Rudra**

Bithika Rudra was born and educated in Santiniketan, Viswa Bharati University. She participated in various dance drama supervised by Pratima Tagore & Shantideb Ghosh. She is also a talented 'Alpona', Batik, and Embroidery artist.

## ভাইটু মামার কাণ্ডকারখানা

তখন আমরা থাকতাম বোকারোতে। ছবির মতো সাজানো গোছানো ছোট্ট শহর। আমরা দিবি ছিলাম। থাকতাম DVC-র বাংলা বাড়িতে। বাড়ির সামনে ছোট্ট পাহাড়, শীতের কুয়াশায় ঢেকে থাকতো।

এমনি এক সুন্দর সকালবেলায়, দাদু দূরে বসে চা খাচ্ছিলেন, মা সকালের জলখাবার গোছাতে গোছাতে আমাদের তাড়া দিচ্ছিলেন, “খেয়ে নাও, স্কুল এ যেতে হবে, বাস মিস হয়ে যাবে”।

এমন সময় বাবা রাজ্যের কাগজপত্র ও বাইরে পড়ে থাকা চিঠি নিয়ে ঘরে ঢুকলেন। মার দিকে এগিয়ে দিলেন একটা চিঠি।

“তোমার জন্যে কলকাতা থেকে এসেছে”।

দাদুও মুখ তুলে তাকালেন। মা চিঠি পড়তে পড়তে বললেন, “ভাইটু আসতে চাইছে আমার কাছে কিছুদিনের জন্য”। বলা বাহুল্য ভাইটু আমাদের ছোটমামা, মার ছোট্ট ভাই।

দাদু বিরক্ত হয়ে বললেন, “আবার ভাইটু? সে এখানেও তাড়া করেছে? কটা দিন নিশ্চিন্তে কাটাব ভেবেছিলাম, তার উপায় নেই”।

ভাইটুমামা পরিবারের “Black sheep” ছিল। পরীক্ষায় ফেল করে রকে আড্ডা দেওয়া ছাড়া আর বিশেষ কিছু করতনা। তাই সবাইকার তাকে নিয়ে চিন্তার শেষ ছিলনা। তবে আমাদের কাছে ভাইটু মামা ছিল একেবারে হিরো। লোকেরা বড় হলে গুরু ধরে, আমরা ন’ দশ বছর বয়সে গুরু মনেছিলাম এই মামাকো।

ফড়িং ধরা, ঘুঁড়ি উড়ানো, গুলতি তৈরি করা, মার্বেল খেলা এইসবেরই হাতেখড়ি মামুর হাতে। তাই ভাইটু মামা আসছে শুনে আমরা নেচে উঠলাম। দিনগুলো জ্বরদস্ত কাটবে।

মা বললেন, “আসতে চাইছে আসুক না, তার একটা চেঞ্জ হবে, কলকাতাতে তো তাকে দেখাশোনা করবার কেউ নেই”। দিদা বেশ কিছুদিন আগে মারা গিয়েছেন, মামু একা থাকতেন।

একদিন ভোরবেলা বাবা স্টেশনে গেলেন মামুকে আনতে। আমরা দুই ভাইবোন, বাইরের গেটে দুলতে লাগলাম। জিপগাড়ি এলে ছুটবা মুখে হাসি ধরেনা। কিছুক্ষণের মধ্যে বাবা মামুকে নিয়ে এসে উপস্থিত। সেই চির পুরাতন চেহারা। লম্বা চুল, গায়ে জমকালো শাট। মাকে দেখেই বললে, “দিদি তুই এবার পূজোতে দুখানা রাজেশ খান্না শাট কিনে দিস তো”। দাদু লাঠিটা হাতে ওঠাতেই, বাবা বলে উঠলেন, “আরে করেন কি, করেন কি?” মামু দাদুর দিকে তির্যক দৃষ্টিতে তাকিয়ে বললেন “ওসব আপনি বুঝবেননা”।

আমাদের দিকে চোখ পড়তেই একগাল হেসে মামু বললেন “তারপর ভাগ্না ভাগ্নি, কেমন আছ সব? খালি দুদু ভাতু খেলে স্মার্ট হওয়া যাবেনা। এরকম ক্যাবলা হলে কলকাতায় পড়াশুনা করবি কি করে?” আমরা কাঁচুমাচু মুখ করে মার আঁচল এ মুখ লোকালাম। ভাবটা এই যে মামু সব ধরে ফেলেছে। মামু উৎসাহের সঙ্গে বললেন “নো চিন্তা ডু ফুর্টি, আমি যে কদিন আছি তোদের ট্রেন করে যাব”।

দাদু বিড় বিড় করতে করতে ঘরে ঢুকে গেলেন। “ছেলেটা মনে হচ্ছে এবার আমাদের একান থেকে তাড়াবে”।

সকালে উঠে মামু ঘরে এসে হাজিরা বললে “ট্রেনিং শুরু, চল পাঞ্জা লড়ি”।

আমার ভাই রোগা পটকা ভীরা ধরনের, আর মামু গাট্টাগোট্টো শক্ত ধরনের। দুটো ঘুষি মেরে নাক ফাটাতে বেশি সময় লাগবেনা। আমি ছিলাম ভাইয়ের পাহারাদার। সব সময় চোখে চোখে রাখতাম ও বিপদ থেকে বাঁচাতাম। দরকার মতো মাকে বলে দিতাম, তাই আসল অর্থে মামুর চেলা আমার ভাই ছিল, আমি উপলক্ষ মাত্র। পাঞ্জাতে ভাই হেরে গেল, এরপর শুরু হোলো ভেড়ার লড়াই- মানে মাথা চোকাঠুকি খেলা। মামু হামাগুড়ি দিয়ে এসে ভাইয়ের কপালে দেয় এক ধাক্কা, আর ভাই তিন পা পিছিয়ে যায়। শেষমেশ ভাইয়ের কপাল ফুলে ঢোল। ভাইটুমামু ছাড়বার লোক নয়। বললে আজকের মতো এটা শেষ ট্রেনিং - তুই আমাদের ঘুষি মারবি আর আমি তোকে মারব, বসে পড়লেই হারা। আয় খেলবি আয়। প্রথম



ঘুষিতেই ভাইয়ের নাক দিয়ে দরদর করে রক্ত পড়তে লাগলো, আমি ছুটে গিয়ে মাকে নালিশ করতে যেতেই মামু পিছন থেকে বললে “আজ তোদের সন্ধেবেলায় কোকো কোলা খাওয়াতে নিয়ে যাব”।

কোকো কোলা সবমাত্র সেই অঞ্চলে এসেছে, আমাদের তখনও খাবার সুযোগ হয়নি। বন্ধুদের কাছ থেকে শুনেছি এটা মার্কিন সরবত- যেমনি মিষ্টি তেমনি ঝাঁজ ঝাঁজ। হা পিতেশ করে বসেছিলাম এতদিন কবে বাবা খাওয়াতে নিয়ে যাবেন। তখন এলো এই অসাধারণ প্রস্তাব। মনের রাগ মনে পুষে মামুকে বললাম “ঠিক তো? নাহলে মাকে বলে দেব তুমি ভাই কে মেরেছো”। মামু হাত তুলে বলল “তথাস্তু”।

সন্ধেবেলা আমরা তিনজন হাঁটতে হাঁটতে বাজারে পৌঁছুলাম। বাজারের মুখেই রাজ আফল এর বিরাট চক চকে বোর্ড ওয়ালা দোকান। লোকের ভিড়ের শেষ নেই। মামু বললো এখানে দাঁড়িয়ে লাভ নেই, চল দোকানের পিছনে। আমরা সেখানে যেতেই বললে, “দাঁড়া দুটো বোতল নিয়ে আসছি”। একটু বাদেই দুটো বোতল স্ট্র সমেত পেলাম। আমরা সন সন করে টান মারলাম। কিন্তু কিরকম অদ্ভুত খেতে! টক, তেতো, মিষ্টি সব মেশানো আশ্বাদ। আরেকবার চুমুক দিতে জীব জ্বলে গেল। “এর নাম কোকো কোলা? বিশ্বাস হচ্ছিল না। মামু মিটিমিটি হেসে জিজ্ঞেস করলো “আর খাবি”? আমরা সজোরে মাথা নেড়ে বললাম “না”। “এর থেকে থামার ঘোল অনেক ভালো খেতে”। মামু হাসতে হাসতে গড়িয়ে পড়তে গিয়ে বলল “লে হালুয়া পছন্দ হোলনা? ইটা মাদ্রাজিরা খায়, ভালো জিনিস, এতে আছে তেঁতুল মধু আদার রস আর শুকনো লঙ্কার গুঁড়া। শুনে আমাদের কান্না এসে গেল। এত বড় ঘোঁকা, আর আমরা কিনা এত বড় বোকা? আমাদের আগেই বোকা উচিত ছিল। সেদিন আমরা মামুকে আলাদা ফেলে বাড়ি ফিরেছিলাম।

দুদিন চুপচাপ গেল। মামুকে আমরা এড়িয়ে চলছি। হঠাৎ তিনি একদিন উপস্থিত হলেন পড়ার ঘরে। আমরা মুখ তুলে চাইতেই মামু বললে “তোদের লেগ হর্ন গুলো ডিম দেয়না তাইত?” আমরা অবাক হয়ে জিজ্ঞাসা করলাম “তুমি জানলে কি করে?” মামু অমায়িক হেসে বলল “ওদের চোখ দেখে বুঝলুম। পশুপাখির আমাকে খুব ভালবাসে তো?”

লেগ হর্ন দুটি বাবা রবিবারের হাট থেকে কিনেছিলেন। আমাদের ভাইবোনের খুব প্রিয়। উঠানে গেলে আমাদের পায় পায় ঘুরতো। ঘুম থেকে উঠেই তাদের গমের দানা খাওয়াতাম। কিন্তু পাখি দুটো একদিনও ডিম দেয়নি। আমরা রোজ সকালে যেতুম পাখির খাঁচার কাছে, কিন্তু দুবছরেও কোনো ডিম দেখিনি। মামু বললে, একটু ডেটল এর ব্যবস্থা করিস। ওদের পেটে ইনফেকশন আছে। তাই ডিম দেয়না। আমরা চমকে উঠলাম। তাইত এটা কখনো মনে হয়নি। মামুতো বেশ বড় ডাক্তার! আমরা ছুটে গিয়ে একটা শিশি যোগাড় করলাম আর বাবার শেভিং সেট থেকে খানিটা ডেটল ঢেলে ছুটলাম। শুরু হলো অভিযান। মামু জাপটা জাপটি করে মুরগী দুটো ধরে কোনরকমে তাদের ঠোঁটের মাঝে দুধ মেশানো ডেটল ঢেলে দিল। তারপর আমি আর ভাই অধীর আগ্রহে অপেক্ষা করতে লাগলাম ডিমের জন্যে। কিন্তু সেরকম কিছুই ঘটলনা। মুরগী দুটি যেমন ছিল তেমনই রইলো। মামুর বীরত্ব নিয়ে যথেষ্ট সংশয় দেখা দিল আমাদের মনে। ভাবতে লাগলাম মামু বন্ধুবাজ, আসলে কিছুই জানেনা। আমরা এড়িয়ে চললুম।

তবে মামু ছাড়বার পাত্র নয়। একদিন দুপুরে সবে এনিড ব্লাইটন এর বই ধরেছি, মামু এসে বলল অঙ্ক শেখাবো, তোদের শুনেছি অঙ্ক মাথা নেই। “কি অঙ্ক মামু?”

“এ হচ্ছে অঙ্কের রাজা ল সাগু আর গ সাগু”।

আমরা মুখ চাওয়াচাই করে ভাবছি যে বাবা তো বলত ক্যালকুলাস হচ্ছে অঙ্কের রাজা, মামা এ কি বলছে?

মামু কে বলতেই বললে “দূর, ক্যালকুলাস তো বাচ্চা রা করে”

মামু খাতা টেনে নানারকম আঁকিবুঁকি করলে, পরের দিন সেই খাতা অঙ্কের টিচারের হাতে পড়ল।

সুমিতা টিচার বাড়িতে কমপ্লেন পাঠালেন। রাতে খাবার টেবিলে বাবা বিরক্ত হয়ে বললেন “এ কি হচ্ছে?”

আমরা উত্তর দিলাম “কেন, মামুই তো আমাদের এই অঙ্ক শেখালো”।

বাবা উত্তর দিলেন “আরে ও তো তোরা আগেই শিখেছিস HCF LCM!”

দাদু বাজখাঁই গলায় বললেন “আজ ভাইটু র খাওয়া বন্ধ”

এইভাবেই দিন গড়িয়ে যাচ্ছিল। মামুর কাণ্ডকারখানার শেষ নেই। পূজো কেটে যাবার পর শহরে যাত্রার পর্ব শুরু হোলো। সেবছর নাটক কোম্পানি এসেছিল। পালার নাম সীতার বনবাস।

বাবা হঠাৎ একদিন ক্লাব থেকে ফিরে বললেন যে দলে যে লক্ষ্মণ এর চরিত্রে অভিনয় করবে, সে অসুস্থ হয়ে পড়াতে যাত্রার দল একজন লোকাল অভিনেতা খুঁজছে। পালা মঞ্চস্থ করবার আর তিন চারদিন বাকি।

ভাইটু মামু নেচে উঠে বলল “আমি রাজি”।

“বলিস কি? তুই তো কোনদিন স্টেজেই উঠিসনি!” দাদু চমকে উঠে বললেন।

মামু তুড়ি দিয়ে উড়িয়ে বললে “ওসব আমার হাতে ছেড়ে দাও। অভিনয় আমার সুপ্ত বাসনা। স্টেজে মাতিয়ে দেব।”

দাদু কাঁচুমাচু হয়ে বললেন “দেখ, শেষ বয়েসে কি লোকের জুতো খেতে হবে?”

মামু বললে “নো জুতো, আজ থেকে ভাইটুকুমারের জন্ম। অগত্যা বাবা মামুকে নট্ট কোম্পানির ম্যানেজার এর কাছে নিয়ে গেলেন।

ম্যানেজার বললেন “পার্ট বিশেষ বড় নয়। ঠিকঠাক মুখস্থ বলতে পারলেই হবে। রামের ভূমিকায় বড় অভিনেতা আছেন, তিনিই টেনে নিয়ে যাবেন।”

মামু দিনরাত পায়চারী করতে করতে পার্ট মুখস্থ করতে লাগলো। আমরা চলার খাওয়া দাওয়া ছেড়ে পায়ে পায়ে ঘুরঘুর করতে লাগলাম।

সেই দিন এসে গেল। মামু বললে তোরা আমার অ্যাসিস্ট্যান্ট, স্টেজের সাইটস্ক্রীনে থাকবি, দরকার মতো সাহায্য করবি। যথাসময় পালা শুরু হোলো। মামু স্টেজের পাশে দাঁড়িয়ে থাকলো। তারপর সময় এলো লক্ষ্মণ এর প্রবেশ করার। মামু কিছুতেই নড়েনা। একেবারে ফ্রিজ করে গেছে। আমরা বেগতিক দেখে পাশে পড়ে থাকা একটা লম্বা ছাতা দিয়ে মামুকে গুঁতো মারলাম। সেই ধাক্কার চোটে মামু স্টেজে একেবারে রামের পায়ে গিয়ে পড়ল। কিন্তু তাতে কি হবে, মামুর মুখে কোনো কথা নেই। প্রম্পটার বলে যাচ্ছে “বলুন বলুন, লক্ষ্মণ এর ডায়লগ বলুন” শ্রোতাদের মধ্যে হাসির রোল উঠলো। প্রম্পটার আরো চিৎকার করতে লাগলো “নেশা ভাং করেছে নাকি?”

এইবার মামু হঠাৎ রামচন্দ্রের পা ঘরে হাউহাউ করে কাঁদতে লাগলো। “হে প্রাণনাথ বিপদে মোরে রক্ষা কর।”

প্রম্পটার আবার চিৎকার করতে লাগলো “সীতার ডায়লগ কেন বলছেন?”

শ্রীরাম চন্দ্র বেগতিক দেখে বলেন “কি বিপদ, পা ছাড়ুন।”

ডিরেক্টর এর পেছন থেকে চিত্কার “স্ক্রিন ড্রপ কর।”

জনতা বেশ কিছু ডিম ও জুতো ছুঁড়তে লাগলো। পরের দিন দাদু মামুকে নিয়ে কলকাতা ফিরে গেলেন।

উত্তমের মা সকালবেলা ছুটতে ছুটতে এলো

“দেখ বাবুলোক, মোরগা আঙা দিয়া।”



### **Sushovita Mukherjee**

Sushovita Mukherjee lives in Ohio, she is a research scientist in Ann Arbor Michigan, and writes humorous stories in her spare time.

## রঙ-বেরঙ

ছোটবেলায় ছবি আঁকতে বেশ লাগতো। আরও বেশি ভালো লাগতো তাতে রঙ লাগাতো। রঙ-পেন্সিল আর প্যাস্টেল দিয়ে শুরু করলেও পরে জল-রঙই হয়ে উঠেছিল বেশি প্রিয়। আর ছিল রঙবেরঙের মার্বেল-পেপার। কাঁচি দিয়ে কেটে গাঁদের আঠা দিয়ে ড্রয়িং-খাতায় সাঁটলেই তা হয়ে যেত ফুল, লতা, পাতা, হরিণ, খরগোস আর আরও কত কি! এই ভালোলাগার শুরুটা ঠিক কবে বা কোথায়, তা জানি না। তবে এই প্রসঙ্গে যা মনে পড়ে তা হোল কোলকাতায় গোলপার্কের ‘শিশু কল্যাণে’ কিন্ডারগার্টেনে পড়াকালীন কিছু বিক্ষিপ্ত-বিচ্ছিন্ন ঘটনা।

খুবই ‘বিস্ময়’ ছিলাম নার্সারি, কে.জি.বি. বা কে.জি.সি.-তে পড়াকালীন। অপেক্ষাকৃত কমবয়সী মিতা-আন্টি, শিপ্রা-আন্টি, শীলা-আন্টি বা হিমালি-আন্টির হিমসিম খেতেন আমায় সামলাতো। তাই প্রায়ই ডাক পড়ত মনি-আন্টির, যাকে নাকি সকলেই ভয় পায়! আমি দেখলাম ‘এ’ আর এমন কি? শুধু কিছু পাকা চুল, কেমন যেন রোগা মতো আর বুড়ি মতো; একটু খিটখিটে, এই যা (তাঁর নাকিসুর খ্যানখ্যানে গলার আওয়াজটা আজও আমার কানে বাজে)! সুতরাং তিনিও কুপোকাত! মা যখন স্কুল-ফেরত আমাকে আর দাদাকে নিতে আসতেন তখন প্রায়ই আমার নামে কন না কন নালিস লেগেই থাকত টিচারদের কাছ থেকে; মাকে অনেক সময়ই চোখের জল ফেলতে দেখেছি এই নিয়ে, স্কুল ফেরত বালিগঞ্জ গার্ডেনের রাস্তা ধরে হাঁটতে হাঁটতে মা বলতেন, “কেন, দাদার মত হতে পার না? কই, ওর জন্য তো আমায় কন কথা শুনতে হয় না।” কিন্তু কে কার ‘কথা শোনে’? আমার ‘রাম-রাজত্ব’ চলতেই থাকলো। একদিন কন একজন টিচার বললেন যে “ক্লাসরুমে একে টিট করা যাবে না, ওকে নিচে অফিসে পাঠাও”। ঐটাই ছিল শেষ সম্বল – এক-তলায় হেড-মিস্ট্রেস অঞ্জলি-আন্টির “অফিস”!

তাই হোলা কে যেন আমায় তিন-তলার ক্লাসরুম থেকে হিড়হিড় করে টানতে টানতে নিয়ে এলেন এক-তলার ‘অফিসে’। দেখি সেখানে প্রায় আমারই সমান উঁচু প্রকাণ্ড এক টেবিলের উল্টোদিকে বসে আছেন তিনি - ‘সেই’ অঞ্জলি-আন্টি। পাশেই কয়েকটা বিশাল বিশাল সব চেয়ার, আর দেওয়াল বরাবর সারি সারি বিশাল বিশাল সব কাঁচের আলমারিতে এইয়া মোটকা মোটকা সব বই - পরিবেশটা কেমন যেন থমথমে! এই কাঁকড়া-চুল ভদ্রমহিলাকে আমি আগেও দু-একবার দেখেছি; হাতা-কাটা ব্লাউজ, টিপ-সিঁদুর বা চুড়ি-বালার বালাই নেই। শুনেছি ইনি নাকি শুধুই ইংরেজিতে কথা বলেন আর শুধু বড়দের ক্লাসেই পড়ান; মানে দাদাদের কে.জি.সি.-তো সাথের টিচারটি বেশ খানিকক্ষন ধরে অঞ্জলি-আন্টির কাছে আমার ‘সুখ্যাতি’ করে, আর আমার রিপোর্ট-কার্ডগুলো উনার ‘ঐ’ প্রকাণ্ড টেবিলটার ওপর জমা রেখে চলে গেলেন। যাবার সময় আমার দিকে একবার ফিরে তাকালেন; ভাবখানা এমন যে – দেখ এবার কেমন মজা!

অঞ্জলি-আন্টিকে দেখে তেমন কিছুই মনে হোল না, কিন্তু ‘অফিসটাকেও’ আমার ঠিক পছন্দ হোল না, পাশে এমন কেউই নেই যার সাথে খেলা (খুনসুটি) করা যেতে পারো। উনি ওনার ডান হাতের তর্জনী উঁচিয়ে “come” বলে আমায় উনার কাছে ডাকলেন, আর তারপর কাছের বিশাল চেয়ারটা দেখিয়ে বললেন “sit”। ক্লাসের সব টিচারই তো ইংরেজিতে কথা বলেন, কিন্তু অঞ্জলি-আন্টির ‘বাঁজখাই গলার ঐ ভারি ক্লিক ইংরেজিটা’ শুনে কেমন যেন একটু ভয় করলো। বসা তো নয়, নিজের ছোট্ট পাছটা কন রকমে ঠেকিয়ে ঐ বিশাল চেয়ারটার গহ্বরে আত্মসমর্পণ করলাম।

চারদিক নিস্তব্ধ, শুধু ‘অফিসের’ সিলিং ফ্যানটার আওয়াজ শোনা যাচ্ছে ‘টিক-টিক-টিক-টিক’ করে; আর তিন-তলা থেকে মৃদু ভাবে ভেসে আসছে শীলা-আন্টি আর মিতা-আন্টিদের গলার আওয়াজ – “চল কোদাল চালাই, ভুলে মানের বালাই, ছেড়ে অলস মেজাজ, হবে শরীর বালাই” বা “আমরা সবাই রাজা আমাদের এই রাজার রাজত্বে, নইলে মোরা রাজার সনে মিলবো কি স্বত্বে, আমরা সবাই রাজা”। অঞ্জলি-আন্টি বেশ খানিকক্ষন ধরে আমার রিপোর্ট-কার্ডগুলো উল্টে-পাল্টে দেখলেন। তারপর বললেন “কই, সবতো ঠিকই আছে দেখছি, তোমার তো সবই গোল্ড-কার্ড”! যত দূর মনে পড়ে, ক্লাসে সবচেয়ে বেশি ‘পয়েন্টস’ পেলে তবুই পাওয়া যেত ঐ ‘গোল্ড-কার্ড’; তারপর ‘সিলভার’, ‘ব্রোঞ্জ’ আর একেবারেই কন পড়া না পারলে জুটতো ‘গ্রে’-কার্ড। আমি যে সব ক্লাসেই গোল্ড-কার্ড পাই তা আমার বেশ ভালমতোই জানা ছিল, তাই মনে মনে বললাম – তাহলে আমাকে এই ‘অফিসে’ শুধু শুধু আটকে রেখেছেন কেন? উনি জিজ্ঞেস করলেন “তুমি অন্যের মার্বেল-পেপার, প্যাস্টেল-কালার এইসব নেও কেন? এইসব তোমার চাই?” আমি বললাম “হ্যাঁ”। তারপর উনি জিজ্ঞেস করলেন “তুমি ছবি আঁকতে খুব ভালোবাসো, তাই না?” আমি চুপ করেই থাকলাম; ভাললাম ধুর ছাই, ছবি আঁকতে ভালবাসি কি না তা ছাতরমাতার আমি কি কোরে জানবো? ইচ্ছা হয়, তাই আঁকি – ব্যাস। তারপর উনি বললেন “তুমি ‘জল-ছবি’ কি তা জান?” আমি তখনো চুপ, উনি যে ঠিক কি বলছেন সেটাই বুঝতে পারলাম না। উনি বললেন যে “হ্যাঁ, জল দিয়েও ছবি আঁকা যায়, তা তুমি জান?” আমি ভাললাম যে এ আবার কেমন কথা - পেন্সিল নেই, রবার নেই; শুধুই জল? কিন্তু কিছু



বলতে সাহস হোল না তাই চুপ করেই বসে থাকলাম। তারপর উনি বললেন “দাড়াও, তোমাকে কিছু মজার জিনিস দেখাই”। বলে উনি পাশের একটা কাঁচের আলমারি থেকে কি সব বার করলেন। তারপর তা দেখিয়ে বললেন “এগুলোকে বলে ‘ব্রাশ’, ‘পেইন্ট-ব্রাশ’”। আমি মনে মনে ‘টুথ-ব্রাশের’ সাথে এই ব্রাশগুলোর একটা তুলনা টানার চেষ্টা করছিলাম, কিন্তু এ দিয়ে দাঁত ব্রাশ করা যাবে বোলে তো মনে হোল না! অঞ্জলি-আন্টি বলে চললেন “এই ‘ব্রাশ’ জলে ডুবিয়েই রঙ করা যায়”। আমার ঠিক বিশ্বাস হচ্ছিল না, জলের আবার রঙ হয় নাকি? উনি বোধহয় আমার মুখ দেখে তা ধরতে পারলেন, বললেন “তোমাকে আরও একটা মজার জিনিস দেখাই”। বলে ঐ আলমারি থেকেই বার করলেন একটা বাস্ক, আর দেখালেন তার ভেতরের নানান রঙ। বোঝালেন যে কি করে সেই রঙ জলে মিশিয়ে ‘জল-ছবি’ বানানো যায়। বললেন যে “আমি এগুলো লন্ডন থেকে কিনে এনেছি, লন্ডন কোথায় তা তুমি জান”? আমি বললাম “হ্যাঁ, চিনি তো”। উনি বললেন “তাই, কি করে”? আমি বললাম “বা রে, আমার সোনা কাকু যে লন্ডনেই থাকে”। উনি বললেন “থাকে” না, বল “থাকেন”; গুরুজনদের সম্পর্কে ঐ ভাবেই কথা বলতে হয়”। আমি বললাম “আমার সোনা কাকু যে ‘গুরুজন’ তা আপনি জানলেন কি করে”? উনি বললেন “গুরুজন”, “তোমার কাকু তোমার থেকে বয়েসে বড় কিনা, তাই”। তারপর বললেন “আজ যখন তোমার মা তোমাদের নিতে আসবেন, তখন তাঁকে একবার আমার সাথে দেখা করতে বোলো, কেমন”? তারপরই উনি উনার টেবিলে রাখা বেলটা কিরিং-কিরিং করে বাজালেন, যাতে কেউ এসে আমাকে আবার তিন-তলার ক্লাসে ফেরত নিয়ে যান।

সেদিন, বা তার দু-একদিনের মধ্যেই কোন এক সন্ধ্যাবেলায় মা আমাকে গড়িয়াহাট এক স্টেশনারী দোকানে নিয়ে গিয়ে একটা ‘জল-রঙে’র বাস্ক, আর আরও কিছু আঁকার সরঞ্জাম কিনে দিয়েছিলেন। বাড়ি ফেরার পথে ‘আলেক্সা’ সিনেমা-হলের পেছন-গেটের গলিতে বললেন, “এগুলো দামী জিনিস, যত্ন করে রাখবে”। সেই চার বছর বয়েসেই রঙ-পেন্সিল আর প্যাস্টেল থেকে আমার উত্তরণ হোল ‘জল-রঙে’। এরই সাথে আরো একটা জিনিসও বুঝতে শিখলাম - যে আমি আঁকতে আর তাতে রঙ লাগাতে ভালোবাসি।

‘শিশু-কল্যাণ’ শেষ করে ‘বালীগঞ্জ গভর্নমেন্ট হাইস্কুল’। আঁকা আর রঙ করা চলতেই থাকলো। এরই মধ্যে আমার ক্লাস-ওয়ানের শেষের দিকে এমন একটা ‘শকিং’ ঘটনা ঘটে গেল যার জেরটা আমি আজ এই মাঝ-চল্লিশেও ঠিকঠাক কাটিয়ে উঠতে পারিনি, হয়তো কোনদিনই পারব না! জানলাম যে বাবা শিলিগুড়ি থেকে এসেছেন মা, আর আমাদের তিন ভাইকে নিয়ে যেতো। এর আগে পর্যন্ত জানতাম যে বাবা যেখানে যেখানে পোস্টেড থাকতেন সেখানে নাকি মাকে ঠিক নিয়ে যাওয়া যায় না। তাই আমরা কোলকাতাতেই থাকতাম আমাদের বালিগঞ্জের বাড়িতে; ঠাকুমা (‘দিদি’), পিসি (‘পিসিভাই’) আর দুই কাকার (‘নানা’, ‘কাকাই’) সঙ্গে বাবা শেষপর্যন্ত আমাদের নিয়ে একসাথে থাকতে পারবেন জেনে মনে আনন্দ আর ধরছিল না। কিন্তু একই দিনে সন্ধ্যাবেলায় মধ্যেই সবকিছু কেমন যেন পাল্টে গেল যখন দেখলাম যে বাবা অঝোরে কাঁদতে থাকা মা, আর ভাইকে নিয়ে ট্যাক্সিতে উঠছেন স্টেশনে যাওয়ার উদ্দেশ্যে; দাদা আর আমাকে ফেলে রেখেই! যখন বুঝলাম যে কন কান্নাকাটিই আমাদের সাথে নিয়ে যাওয়ার জন্য, বা ওঁদের ধরে রাখবার জন্য যথেষ্ট নয় তখন আঁকড়ে ধরেছিলাম ঐ রঙ-তুলিকেই। পছন্দ মত কন ছবি এঁকে, তাতে ইচ্ছে মত রঙ লাগাতে পারলে মনের দুঃখটা যেন কিছুটা হলেও কমতো।

তখন হাফ-প্যান্ট পড়া ছোট ‘ধনরাজ’, ‘সেগেই’ বা ফ্রক পড়া ছোট ‘তাতিয়ানা’দের ছবি আঁকলেই বেশ ভাব জমে যেতো আমার ওদের সঙ্গে; ওদের সাথেই তখন দিব্য খেলা কোরতে পারতাম আমি - শিলিগুড়ি-দার্জিলিং বা তারই পাশে রাশিয়ার কন মাঠে। ভোরবেলায় ওরাই আমার ঘুম ভাঙতে আসতো, আমি দিব্য রাশিয়ান-ভাষায় কথা বলতে পারতাম; দোলনায় দোল খাওয়া আর ফুরফুরে হাওয়ায় ওড়া ঐ সোনালি চুলের ‘তাতিয়ানা’কে আমার জড়িয়ে ধড়ে আদর কোরতে ইচ্ছে করতো, আর ঠিক তখনই নীল ফ্রক পড়া ‘তাতিয়ানা’ মিলিয়ে যেত আকাশের নীলো! ঘুম ভাঙার পর ভোরের বিছানায় স্কুলের গ্রীষ্মের-ছুটিতেও তখন আমার ঠাণ্ডা লাগতো – তখন পয়লা-বৈশাখে বরফ পড়তো!

কিন্তু আঁকার বাইরে সময়টা কেমন যেন অসহনীয় হয়ে উঠেছিল আমার কাছে, কন কিছুই আর তেমন ভাল লাগতো না। তখন দিদি-পিসিভাই মাঝে মাঝে দাদা, আর আমাকে দিয়ে বাবার শিলিগুড়ির ‘সেবক রোডের’ ঠিকানায় চিঠি লেখাতেন; লিখতে বলতেন যে “আমরা এখানে রোজই রসগোল্লা খাচ্ছি”। এই ডাহা মিথ্যে কথাটার উদ্দেশ্য যে শুধুমাত্র বাবাকে জানান যে আমরা কোলকাতায় ভালো আছি, তা আমি বুঝতে পারতাম; কিন্তু কোলকাতায় ‘আমি’ যে একেবারেই ভালো নেই তা বাবা-মাকে জানানোর কন উপায় আমার জানা ছিল না। আমার সাত বছর বয়েসের কন চাহিদাই বাড়িতে পূরণ হত না; পেটের খিদে মিটলেও মনের খিদে কিছুই মিটতো না। তাই পাড়ায়, স্কুলে দসি়পনা করে বেড়াইতাম। ফলস্বরূপ প্রায়ই স্কুলের কন না কন টিচার আমার ডায়েরিতে ‘নোট’ লিখে তা বাড়ির ‘গার্জেনের’ কাছ থেকে সই করিয়ে আনতে বলতেন - আপনার ছেলে আজ অমুকের মার্বেল-পেপার কেটেছে, আপনার ছেলে আজ তমুকের সেন্টেড-রবারটা নিয়ে নিজের পকেটে ভরেছে বা আপনার ছেলে কার ওয়াটার-বটেনের সব জলই তার মাথায় ঢেলেছে! কিন্তু বাড়ির কেউই এইসব নোটের কথা জানতেও পারতেন না। টিচারদের নোটগুলো বাড়িতে দেখাতে সাহস পেতাম না; অফিস-ফেরত ‘নানা’র মার, বা ‘কাকাই’য়ের দেওয়া ‘কঠিন শাস্তির’ ভয়ে। আর ‘দিদি’-‘পিসিভাই’য়ের এই ব্যাপারে তেমন কিছু করার ছিল বলেই আমার মনে হত না। তাই চলতেই থাকলো আমার দসি়পনা - কারো টিফিন-বস্ক থেকে

টিফিন খাওয়া, কারো পেন্সিল-বক্স থেকে পেন্সিল হাতড়ানো, কারো গঁদের আঠার পুরোটাই সাবড়ে দেওয়া, এইসব। তাই প্রথম প্রথম যেতাম আমাদের বাড়ির রান্নার লোক ‘তনু’-দির কাছে ও লেখাপড়া জানত না, তাই হিজিবিজি কিছু একটা সই করে দিত আমার টিচারদের নোটের নিচে! তাতেই দিব্যি কাজ চলে যেত আমরা বিপদ হোল একটা ঘটনার পর, যখন বাবা বা মায়ের সইটা যে নিজেকেই ‘জাল’ করতে হবে তা ঠিক করতে বাধ্য হলাম; কারণ শুধু সইয়ে যে আর কাজ চলবে না, তা মালুম হোলা। স্কুলে কন একজনের পেন্সিল-বক্স থেকে পেন্সিল-রবার বা পুরো পেন্সিল-বক্সটাই নিজের ব্যাগে পুড়েছিলাম! ধরা পড়ার পর ক্লাসের টিচার মিনতি-দি আমার ডায়েরিতে ‘নোট’ লিখে মাকে ডেকে পাঠালেন। কিন্তু মা তো শিলিগুড়িতে! ‘তনু-দি’কে দিয়ে তো আর কাজ চলবে না! এখন কি করি? তাই নিজেই মিনতি-দির নোটের নিচে একটা উত্তর লিখে, মায়ের নামে সই করলাম। পরের দিন তা মিনতি-দিকে দেখাতে উনি ওনার চশমার পুরু লেন্সের ভেতর দিয়ে বেশ খানিকক্ষন ধরে আমায় পরখ করলেন। চশমার ভিতরে মিনতি-দির ঐ অপেক্ষাকৃত বড় বড় চোখদুটোকে আমি আজও চোখ বুজলেই দেখতে পাই! আমি যে ধরা পড়ে গেছি তা তখনই বুঝতে পেরেছিলাম, তাই ঐ চোখদুটোর দিকে আর খুব বেশিক্ষণ তাকিয়ে থাকতে পারিনি। মিনতি-দি আমায় আমার ডেস্কে ফেরত যেতে বললেন, কিন্তু আমার ডায়েরিটা ফেরত দিলেন না। সেইদিনই কিছু পরে অন্য কন ক্লাস চলাকালীন জলধর-দা (যার কাজ ছিল ক্লাসে ক্লাসে ‘নোটস’ খাতা নিয়ে টিচারদের কাছে যাওয়া) এসে আমাকে ডেকে নিয়ে গেলেন ‘টিচার্স-রুম’। সেখানে গিয়ে দেখি যে রীতিমত একটা ‘মিটিং’ চলছে, আমাকে নিয়েই বোধহয়। কারণ সেখানে মিনতি-দি আমার ‘সেই’ ডায়েরি হাতে বসে, আর তাঁকে ঘিরে মৃদুলা-দি, উমা-দি, ইন্দিরা-দি, বাসন্তী-দি, ছায়া-দি, মুনমুন-দি; এঁরা। উনারা সবাই বেশ খাতির করে আমাকে বসালেন, কোথায় থাকি, বাড়িতে কে কে আছেন, বাড়িতে ফোন আছে কি না, বাড়ি থেকে স্কুলে কি ভাবে যাতায়াত করি, ইত্যাদি সব জেনে নিলেন। সেখানেও ধরা পড়ে গেলো আমার মিথ্যে – মা তো শিলিগুড়িতে; অথচ ডায়েরিতে ‘মায়ের সই’! দেখলাম যে মিনতি-দি উনার পুরু লেন্সের চশমাটা খুলে সামনের টেবিলে রেখেছেন, আর উনার চোখদুটো ভিজে! কিছু পরে আমার ডায়েরিটা ফেরত পেলাম, আর মুনমুন-দি বললেন “তোমার যদি কিছু লাগে তো আমায় বলবে, কি বলবে তো? You can just come to me, okay?” ডায়েরিটা শেষমেশ ফেরত পেয়ে ‘বিপদটা’ কেটে গেছে বুঝে, মহা আনন্দে তারপর আমার ক্লাসে ফিরলাম। ফেরার পথে মনে হোল যে চশমা ছাড়া মিনতি-দির চোখদুটো তো বেশ ছোটোই, তাহলে চশমা পড়লে তা অতো বড় দেখায় কেন?

এইসব লজ্জার মাঝেও একটু আরাম খুঁজে পেতাম ঐ রঙ আর তুলির স্পর্শে স্কুলের মনিং-সেকশনের দিলীপ-বাবুর, ব্র্যাকবোর্ডের ওপর সাদা চক্রে আঁকা ‘একটি গ্রামের দৃশ্য চিত্র’ আমার প্রথম প্রথম ভালো লাগলেও পরে তা একঘেয়ে লাগতো। সেই একঘেয়েমি থেকে রক্ষা পেলাম মুনমুন-দির (সেন) আঁকার ক্লাসে। টিচার্স-রুমের ‘ঐ মিটিং’র সুবাদে ক্লাসের বাইরেও উনার সঙ্গে তো আলাপ ছিলই, আর উনার ভাবভঙ্গি বা কথা বলার ঢংও আমায় কেমন যেন আকর্ষণ করতো! যদিও উনি যে সুচিত্রা সেনের মেয়ে বা ‘সুচিত্রা সেন’ যে কি ‘বসন্ত’ তা জানা বা বোঝার কন ক্ষমতাই তখন আমার ছিল না! শুধু দেখতাম যে স্কুল ফেরত ছেলেদের নিতে আসা সমবেত মায়েদের কেউ কেউ আমাদের আঁকার টিচারকে দেখার জন্য একটু উৎসুক।

মুনমুন-দির ড্রয়িং ক্লাসেরও কেমন যেন একটা আলাদা আকর্ষণ ছিল! জানলার পাশে দাঁড়িয়ে উনি একবার বলেছিলেন “এই ধর আমার ছবি আঁকতে হবে; কিন্তু ঐ যে ‘ওয়ালে’ আমার ‘স্যাডো’ পড়েছে, সেটাও কিন্তু আমি, তাই ওকেও কিন্তু আঁকতে হবে!” ছায়াও যে ছবি আঁকা সম্ভব তা এর আগে আমার জানা ছিল না, শুনে আমি একেবারে ‘হাঁ’ হয়ে গেছিলাম! একবার মুনমুন্দি আমাদের ক্লাসে কিছু একটা আঁকতে বলেছিলেন, আর উনি ঘুরে ঘুরে দেখছিলেন যে আমরা কে কেমন আঁকছি। হটাত দেখি যে উনি আমার ডেস্কের পাশে এসে চুপটি করে দাঁড়িয়ে পড়লেন। বললেন “বাঃ, বেশ ‘ড্র’ করো তো তুমি! তুমি বুঝি ড্রয়িং ‘লাইক’ করো?” ততদিনে আমি বেশ ভালো মতোই জেনে ফেলেছি যে আমি আঁকতে পছন্দ করি – তাই মাথা নাড়িয়ে বললাম হ্যাঁ। তারপর উনি বললেন “তোমার এই ড্রয়িংটা তুমি আমায় দেবে?” আমি উত্তর দেওয়ার আগেই বললেন “না, এটা ‘বেটার’ তুমি তোমার বাড়ি নিয়ে যাও, কিন্তু আমার জন্য কিছু একটা ‘স্পেশাল’ ড্র করে এনো, শুধু আমার জন্য, কি পারবে তো?” সেদিন দুপুরেই বাড়ি ফিরে আমি উনার জন্য একটা “স্পেশাল” ছবি এঁকেছিলাম; আনন্দবাজারের প্রথম পাতার ভেতরের দিকের নিচের কোনায় ধারাবাহিক ভাবে বেরনো ‘অরণ্যদেব’ কার্টুন থেকে অরণ্যদেবের বৌ ‘ডায়ানা’র ছবি; ‘কপি’ কোরে, কিন্তু একটু বড় কোরে। পরের দিন ক্লাসে ওটা মুনমুন-দিকে দিতেই উনি খুব খুশি হলেন, আমাকে জড়িয়ে ধরে আদর করে বললেন “বাঃ, একে তো একদম আমার মতো দেখতে, just like me!” বদলে উনি আমাকে দিয়েছিলেন একটা প্লাস্টিকের গোলাপ ফুল, যা আমার কাছে আজও আছে! (এর বছর কয়েক বাদে ‘ঐ’ মুনমুন-দিকেই বৃষ্টিতে ভিজে-কাপড়ে অযথা মাটিতে গড়াগড়ি খেতে দেখেছি টি.ভি বা সিনেমা-হলের পর্দায়, দেখে একেবারেই ভালো লাগেনি; গায়ে কাপড় জড়ানো আমার ‘সেই’ আঁকার টিচার মুনমুন-দি আজও আমার মনের ‘ফ্রেমে’ বন্দী – আর ঢের বেশী আকর্ষণীয়া!)

ক্রমে ‘ধনরাজ’-‘সেগেই’-‘তাতিয়ানা’রা হারিয়ে গেলো, আর স্কুলের মনিং-সেকশন পার করে আমি গেলাম ডে-সেকশনে। কেমন যেন একটা ‘বড় বড়’ হাবভাব, হাঁটা-চলার ধরণটাই যেন বদলে গেলো সবাই! কিন্তু ‘ছোট’বেলার অভ্যাস আঁকা আর রঙ করাটা ছাড়তে পারলাম

না তখনও, বরং তা আরও বেড়েই গেলো। এরই মাঝে মা ‘চলে গেলেন’ আমার ক্লাস-সিক্সের গ্রীষ্মের-ছুটিতেই। ঐ নিঃসঙ্গতার মধ্যেও ‘সঙ্গ’ পেয়েছিলাম রঙ-তুলিরা মাঝে-সাঝেই রঙগুলোকে আর তেমন রঙিন মনে হতো না, শুধু ‘লাল’ আকাশের সূর্যোদয় বা সূর্যাস্ত দেখতেই ভালো লাগতো, মনে হতো যে মা কি তাহলে গেলেন ঐ দিকেই কোথাও? সূর্যোদয় বা সূর্যাস্তের ছবি আঁকতেও ভালো লাগতো তখন। কয়েকবার এদিক-ওদিক ‘বসে আঁকো’ প্রতিযোগিতায় তা এঁকেওছিলাম, ধোপে টিকিনি কনটাতেই। তবে এই প্রসঙ্গে যা মনে আছে তা হোল আমার দাদার একবার আমাকে নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে কন এক ‘বসে আঁকো’ প্রতিযোগিতায় নিয়ে যাওয়ার কথা, আমি যখন ক্লাস সেভেন বা এইটে পড়ি তখন – ‘যে’ দাদাই কিনা ছোটবেলায় ঝগড়া-মারামারি হলেই জল ঢেলে দিয়ে, বা অন্য কন ভাবে আমার আঁকা নষ্ট করে দিত!

এইরকমই কন এক সময় (ক্লাস সেভেন বা এইটে হবে) আমি একবার এক সূর্যাস্তের দৃশ্য পেইন্ট করেছিলাম, একটা গ্রিটিং-কার্ডের ওপর। কি করে বা সেই কথা পৌঁছেছিল আমাদের পাড়ার আমার থেকে বেশ কয়েক বছরের বড় ‘মিঠু’-দির কানে (‘যে’ মিঠু-দির গান শুনতে আমি আজও টিকিট কাটতে রাজী আছি)! আঁকাটা দেখাতে মিঠু-দি কিছুতেই বিশ্বাসই করতে পারলো না যে ওটা আমার দ্বারা পেইন্ট করা সম্ভব, বলল “বেরঃ, এটা তো কন ‘পাকা’ হাতের আঁকা”। শুনে প্রথমে খারাপ লাগলেও পরে মনে হয়েছিলো তাহলে কি আমার আঁকার-হাতটা বেশ ‘পাকা’?

এরই মাঝে পাশের বাড়ির ‘বুড়ন’-দির বিয়ে ঠিক হয়ে গেলো (কন অঙ্ক আটকে গেলেই ‘যে’ বুড়ন-দির কাছে ছুটে যেতে ইচ্ছে করতো!)। বুড়ন-দির বাড়ির ছাদের ছাদনা-তলায় আলপনা দিতে, আর বিয়ের পিঁড়িতে রঙিন-কাগজ সাঁটতে আমার ডাক পড়েছিল বুড়ন-দির দাদা ‘অমল’-দার কাছ থেকে। সাথে অমল-দা সমেত ওঁদের আত্মীয়দের থেকে আরও বেশ কয়েকজন ছেলে-ছোকরাও ছিল। একসময় অমল-দা বলল “দেখ, দেখ, গৌতম তো মাটি থেকে হাতই তোলে না, কি রকম ‘এক টানে’ আঁকছে সব”। শুনে ভালো লেগেছিল এই কারণে যে অমল-দা নিজেও ভালো আঁকে বা আঁকত (অমল-দার আঁকা শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের একটা ছবি এখনও আমার চোখে লেগে আছে!)। এসব ছাড়াও পাড়া বা স্কুলের ম্যাগাজিনের পাতা ছবিতে ভরাতে মাঝে-সাঝেই ডাক পড়তো আমরা।

স্কুলের ক্লাস এইটে আমাদের অঙ্কের আর ‘লাইফ-সায়েন্সের’ ক্লাস নিতেন সুরেশ-বাবু (পাল)। একবার ‘লাইফ-সায়েন্সের’ ক্লাসে তিনি আমাদের ব্যাণ্ডের ‘রিপ্রোডাক্টিভ-সাইকেল’ সম্পর্কে কিছু একটা লিখতে বলেছিলেন। আমি আর কি লিখবো? পড়াশোনাই তো করতাম না, তখন তো স্কুলে যাওয়ার মুখ্য উদ্দেশ্যই ছিল শুধুমাত্র বন্ধুদের সাথে ‘জমিয়ে’ আড্ডা মারা – শুধু মনে পড়লো যে জল থেকে ডাঙায় উঠে ব্যাঙাচি হয়ে যায় ব্যাঙ! চুপচাপ বসেও থাকা যায় না। তাই একটা ছবি এঁকে সুরেশ-বাবুর কাছে খাতা জমা দিলাম – এক ব্যাণ্ডের ঘাড়ে বসে আর এক ব্যাঙ! নিজের ‘বিদ্যা জাহির’ কোরতে ছবিটাতে আবার ‘লেবেলিং ও’ করে দিয়েছিলাম – নিচেরটা পুরুষ, ওপরেরটা স্ত্রী (ভুল বশত)। পরের দিন সুরেশ-বাবু একরকম হুঁড়েই আমার ‘বঙ্গলিপি’ খাতাটা আমায় ফেরত দিয়ে বললেন যে “এটা ‘ড্রয়িং’ ক্লাস না; তুই এমনই একটা বান্দর-পুলা যে তুই তো সেইডাও ঠিকঠাক করস নাই – ‘লেবেলিং ও’ও তো ঠিক হয় নাই”। নিজের ‘লেবেলিং ও’ ভুল বুঝতে পেরে, সুরেশ বাবুর সামনে হাসি চাপতে গিয়ে পেট আমার একেবারে ফেটে যাচ্ছিলো!

একবার কথা হচ্ছিলো ক্লাসের এক সহপাঠীর (শৈবাল গুপ্ত) সঙ্গে, যে কিনা লেক-মার্কেটের দিকে ‘চিত্রাংশু’তে আঁকা শিখতো। খোঁজখবর নিয়ে বাবাকে চিত্রাংশুতে আমার আঁকা শেখার ইচ্ছাটার কথা জানালাম, ভর্তিও হলাম সেখানে। কিন্তু মাস খানেকের বেশি টিকতে পারলাম না, কারণ বাড়ির দু-একজনের পছন্দ হোল না ব্যাপারটা। আমার কাকু (নানা) ‘বিধান’ দিলেন যে “গান-আঁকা, এসব তো মেয়েরা শেখে – বিয়ের বাজারে দাম ‘তোলার’ জন্য, এসব শিখে আমার কি হবে”? তাছাড়া বাড়িতে তো অন্যান্যরাও আছে, আমিই বা একলা এই সুযোগটা পাব কেন? হক কথা! তাই নিজের ইচ্ছেটাকেও ‘তুলেই’ রাখতে হোল, শুধু একটু অন্যভাবে। এরপর বিভিন্ন ব্যস্ততায় আঁকা বা রঙ করার অভ্যাসটাই হারিয়ে গেল আমরা (এর বছর-খানেক বাদে ‘ঐ’ নানা বা বাড়ির অন্য কাউকে না জানিয়েই ভর্তি হয়েছিলাম গানের স্কুলে, ভবানীপুরের ‘গীতবিতানে’; ‘ইন্দিরা’ সিনেমা-হলের পিছন দিকে। সেখানে গান শিখতাম সেখানকারই প্রাক্তন শ্রদ্ধেয় অনুপ ঘোষালের ছাত্র, আর এক প্রাক্তন ‘মাল্লার’-দার কাছে। আমার এই ‘অ্যাডভেঞ্চারে’ সাহায্য পেয়েছিলাম আমার সহপাঠী-বন্ধু সুমন্তর (চক্রবর্তী) আর ওর মাসীর (‘মোটামাসী’) কাছ থেকে, সুমন্তও গান শিখত ঐ গীতবিতানেই)।

এরপর যা টিকে থাকল তা হোল পুজোর আগে কিছুদিন বাদে বাদেই কুমারটুলিতে গিয়ে ঘন্টার পর ঘন্টা কাটানো। একাই যেতাম, আর দেখতাম যে বাঁশ, কাঠ, খড়, মাটি ধীরে ধীরে কেমন সব জীবন্ত হয়ে উঠছে! পরে সেইসব ঠাকুরই আবার বিভিন্ন প্যাণ্ডেলে দেখে কেমন যেন এক আজব অনুভূতি হতো, মনে হতো যে এঁদের সর্বাইকেই আমি শুধু চিনিই না – জানিও! ছোটবেলায় আঁকা কন কন গ্রাম, বাড়ি, ছাদ, হরিণ বা মানুষদের সাথেও আমার এইরকমই কন এক সম্পর্ক স্থাপন হয়ে যেতো, ঠিক ‘যেমনটা’ হয়েছিলো ‘ঐ’ শিলিগুড়ি-দার্জিলিংয়ের ছোট্ট ‘ধনরাজ’ বা রাশিয়ার ‘সেই’ ছোট্ট ‘সেগেই’-‘তাতিয়ানাদের’ সঙ্গে!



অ্যামেরিকায় আসার পর গ্র্যাঞ্জুয়েট-স্কুলে থাকাকালীন আমার সখ হয়েছিলো ‘রিসার্চের’ ফাঁকে একটু অন্য কিছু করার, দিনরাত-ভর আমার NMR-ল্যাবরেটরির একঘেয়েমি থেকে রেহাই পেতেই! এক-ইঞ্জিনের প্লেন ওড়ানো শেখাটাই (ফ্লাইং লেসন) ছিল প্রথম আর প্রধান ইচ্ছা। রিসার্চ করার দৌলতে ‘স্টেট এমপ্লয়ী’ হবার সুবাদে, আমার ‘স্টেট ইউনিভার্সিটির’ ফ্লাইং ক্লাসে অতি নগণ্য টিউশন-ফীয়ে সেই মত রেজিস্ট্রেশনও করেছিলাম; কিন্তু একজনের বিশেষ বাধাতে শেষ পর্যন্ত তা আর হোয়ে উঠল না – ‘সিঙ্গল-ইঞ্জিনে’ নাকি অনেক ‘রিস্ক’, তাই! অগত্যা বাছলাম পেইন্টিং-ক্লাস। সেখানেই আমার প্রথম তেল-রঙে ‘হাতেখড়ি’, মাঝ-কুড়ির ‘বুড়ো’ বয়েসো সেই ক্লাসের ইন্সট্রাকটর (টিম ওরউইগ) একবার আমায় জিজ্ঞেস করেছিলেন যে “have you ever considered taking art a bit more seriously”? জবাবে আমি তাঁকে জানিয়েছিলাম যে না, ‘আর্ট’টা শুধু ‘করতে’ই ভালোবাসি, তা নিয়ে ‘আর্ট-স্কুলে’ গিয়ে পড়াশোনা করতে নয়; ঠিক যেমন রান্নাটা, ওটা শুধু ‘করতে’ই ভালোবাসি, তা নিয়ে ‘কুলিনারি-স্কুলে’ গিয়ে পড়াশোনা করতে নয় (তবে হ্যাঁ, ‘গান’টা কন স্কুলে শিখতে পারলে নেহাত মন্দ হতো না!)। এই ‘অয়েল-পেইন্টিং’ ব্যাপারটা আমার কাছে ঠিক ‘যুতসই’ হোল না, ছোটবেলার ‘সেই জল-রঙের’ মজাটাই পেলাম না এতো তার ওপর ছিল ‘গ্রেডে’র ঝামেলা – ‘মজা’ তো নয়, আঁকার ক্লাসে কে কি গ্রেড পেল সেটাও প্রাধান্য পেলা। আমার কাছে আঁকাটা ছিল ‘পার্সোনাল’, নিজের ভালো লাগাটাই ছিল এক এবং একমাত্র বিবেচ্য, কে কি ভাবলো তার তোয়াক্কা না করেই! অনেক সময়ই আঁকার থেকেও বড় হোয়ে উঠত ‘আঁকার সময়’ আমি যে ‘জগতে’ বাস করি – ‘সেই জগতটা’। অ্যামেরিকান ইউনিভার্সিটির কন ‘রেজিস্টার্ড ক্লাসে’ তা বোধহয় হবার নয়। সাথে ছিল ‘টাইম-কন্সট্রাইন’ - একটা নির্দিষ্ট আঁকা নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করার দায়বদ্ধতা। ছোটবেলার সেই দুপুর গড়িয়ে সন্ধ্যে পার কোরে দেওয়া ‘সেই’ আঁকতে পারার কন মজাই ছিল না এতে, তাই নিজের ঋণের অভাবটাও নজরে এলো। ছবি রঙ কোরতে গিয়ে দেখলাম যে আমার সময়টাই কেমন যেন ‘বেরঙ’ হোয়ে যাচ্ছে! হিতে বিপরীত হচ্ছে দেখে এতই বিরক্ত লাগলো যে সময় থাকতে থাকতে ড্রপই করে দিলাম ক্লাসটা, যাতে আমার ট্রান্সক্রিপ্টে এই ক্লাসের ‘সেই’ ‘গ্রেড’টার আর কন উল্লেখই না থাকে!

‘মজা’টা আবার খানিকটা ফেরত পেয়েছিলাম বেশ বছর কয়েক বাদে, আমার বাচ্চাদের সাথে; ঐ জল-রঙ আর তুলির হাত ধরেই ওদের সাথেই আবার নিজের ছোটবেলায় ফেরত যেতাম কখনো কখনো। কাগজের ওপর আমার পেন্সিলের কন ছোট্ট আঁচরে, বা জল-রঙের তুলির কন অলস টানেও ওরা অরাক হয়ে যেত; চোখ বড় বড় করে এমন ভাবে তাকাত যে আমার নিজের ছোটবেলার কথা মনে পড়ে যেত – ‘ঐ’ মুনমুন-দির আঁকার ক্লাসে ‘ছায়ার’ ছবি আঁকতে গিয়ে আমার যেমন দশা হয়েছিলো! ওরা কে আমার কোন আঁকাটা নিজের কাছে রাখবে তাই নিয়ে কাড়াকাড়ি লাগিয়ে দিতো; যার মধ্যে থাকতো না ‘মিঠু’দির অবিশ্বাসের অবজ্ঞা, দাদার জল-ঢালার অবহেলা বা সুরেশবাবুর খাতা ছোঁড়ার তচ্ছিল্য; বদলে আমার মনে পড়ে যেত ‘অমলদা’র উৎসাহ, ‘মুনমুন’দির আদর বা মায়ের ‘সেই যত্ন’ - যা দিয়ে মা কিনে দিয়েছিলেন আমার প্রথম জল-রঙের বাক্স আর বলেছিলেন তা ‘যত্ন’ করে রাখতো পেরিয়ে আসা কত বছর, সাক্ষী হওয়া কত ঘটনা মিলেমিশে কেমন যেন সব একাকার হয়ে যেত – অনেকটা ঐ জলে রঙ মেশানোর মতই, সম্বিত ফিরে পেতাম ওদেরই কারো প্রশ্নে – “how did I do Baba?” ঝাপসা-চোখে ওদের আঁকা ভালো করে না দেখেই বলতাম “awesome, marvelous!” প্রশংসা শুনে ওরা আনন্দে হাত তালি দিয়ে লাফিয়ে উঠত! তারপর ওরাও বড় হয়ে গেলো, আর বিভিন্ন ব্যস্ততায় হারিয়ে গেলো ওদের ছবি আঁকা বা রঙ করার অভ্যাসটাও; সাথে আমারও, আবারও।



## গৌতম সরকার

Gautam Sarkar lives in Minnesota, USA. Writing was composed in May, 2015

## অবসর ও আমরাঃ কিছু দৃশ্য, কিছু চিন্তা

কোকিলা ভদ্র (অবসর প্রাপ্ত অধ্যাপিকা, বেথুন কলেজ)

আমরা যারা দীর্ঘদিন পূর্ণসময় কাজ করে অবসর নিয়েছি বা ‘রিটায়ার’ করেছি, তাদের সম্বন্ধে অনেকের অনেক রকম ভুল বা ঠিক ধারণা আছে। জীবন থেকে নেওয়া কয়েকটি দৃশ্য, কথোপকথন ও চিন্তা তুলে ধরলাম। দেখুন তো নতুন কোনো বার্তা, ভিন্নতর কোনো ইঙ্গিত খুঁজে পান নাকি!

**দৃশ্য একঃ** বেথুন কলেজের স্টাফ রুমা কয়েক বছর আগের একটি দিন। আজ আলোদি অবসর নেবেন। তাঁকে বিদায় অভিনন্দন জানানো হবে। একান্তে ওঁকে জিজ্ঞেস করলাম, কেমন লাগছে আলোদি? এত বছর কাজ করলেন। আজ একটা যতি চিহ্ন পড়ছে। কেমন বোধ করছেন? আলোদির পরে আসবে আমার পালা, নিজেকে তো তৈরি হতে হবে। খুব উজ্জ্বল রঙের একটি শাড়ি পরে এসেছেন – ততোধিক উজ্জ্বল হাসি হেসে আলোদি বললেন, ‘আমার মুক্তি আনিয়ে আনিয়ে’। তাঁর চেহারা, কথা ও সাজপোশাকে কোনো ক্লান্তি, হতাশা, বার্ধক্যের অবসন্নতা খুঁজে পেলাম না। অবসর তাহলে মুক্তির বার্তা বয়ে আনে? আনে নতুন আলোর ইশারা?

**দৃশ্য দুইঃ** হটাৎ একদিন দেখা হল শক্তির সঙ্গে আমাদের বন্ধু ও সহপাঠী শক্তিপদ ভট্টাচার্যের সঙ্গে।

‘আচ্ছা শক্তি, ঠিক ঠিক বলো তো, অবসর নেবার দিনটায় তোমার কেমন লেগেছিল? মুচকি হেসে শক্তি বলল, ‘শোনো তাহলে। সত্যজিৎ রায়ের ‘পরশপাথর’ দেখেছিলে? তুলসী চক্রবর্তীর অনবদ্য অভিনয়ের কথা মনে করতে পারছো? এক সর্দারজির ট্যান্সি ডেকে উঠে বসলেন, পরশপাথরটি হাতে পেয়ে বললেন, ‘সর্দারজি আজকের দিনটা বড় ভালো, আজ একটু হাওয়া খাব। চলো একটু হাওয়া খেয়ে আসি।’

‘তুমি বলতে চাও, রিটায়ারমেন্টের দিন তোমার গড়ের মাঠে গিয়ে হাওয়া খাবার ইচ্ছে হয়েছিল?’ আমার বিস্মিত জিজ্ঞাসার উত্তরে শক্তির জোরালো উত্তর, ‘ঠিক ধরেছো, আমার মনে হয়েছিল, কতদিন চাকরী করলাম! এবার একটু হাওয়া খাব।’ শক্তি একটা আরামের নিঃশ্বাস ফেলল।

**দৃশ্য তিনঃ** আজ আমার অবসর নেবার দিন। এই দিনটিতে আমার হঠাৎ মনে পড়ল ৩৭ বছর আগেকার সেই দিনটির কথা, প্রথম যেদিন এই মহাবিদ্যালয়ে ঢুকেছিলাম। উত্তর কলকাতার হেদুয়ার ধারে এক বনেদি মেয়েদের কলেজে সেদিন দিনের বেলায় অজস্র কোকিল ‘কুহু, কুহু’ করে ডেকেছিল। কেন? সেদিন এক তরুণী অধ্যাপিকা তাঁর জীবনের প্রথম ক্লাসটি নিতে ঢুকেছিলেন – সঙ্গে তখনকার বিভাগীয় প্রধান। আমার নাম বলে ছাত্রীদের সঙ্গে পরিচয় করিয়ে দিলেন, সঙ্গে সঙ্গে শুরু হয়ে গেল ‘কোকিল’ ডাকা অপ্রস্তুত ও বিব্রত আমি সাধ্যমতো স্মার্ট হবার চেষ্টা করেছিলাম। খুব রাগ হয়েছিল আমার এতো সাধের নাম নিয়ে টানাটানি করার জন্য।

আজ অবসর নেবার দিন – দীর্ঘ পথ পরিক্রমার শেষে বহু অভিজ্ঞতায় পরিবর্তিত সেদিনের তরুণী আজ প্রবীণা। হঠাৎ মনটা কেমন করে উঠল। প্রথম দিনের অভিজ্ঞতা নতুন মাত্রা নিয়ে স্মৃতির দরজা খুলে দিল। সেদিনের কোকিল ডাকের জন্যই যেন মনটা কেমন করে উঠল। সেদিন ছিল জীবনের বসন্ত – ফুল ফুটত, কোকিল ডাকত। আজ তো আর বসন্ত নয়। আজ এসে পড়েছি পাতা ঝরার দিনে – ‘মুগ্ধ কোকিল কই ডাকে ডালে? কই ফোটে ফুল বনের আড়ালে?’

অধ্যাপনা জীবনের সব শেষে যে কবিতাটি পড়িয়ে এলাম তাতেও যেন সেই পাতা ঝরারই বৃত্তান্ত –

That time of year thou mayst in me behold

When yellow leaves, or none, or few do hang...

- তুমি আমার মধ্যে সেই সময় দেখছো, যখন পাতা বিবর্ণ হয়ে যায় কিংবা ঝরে যায়। অর্থাৎ ঋতু চক্রের শেষ ও জীবনের শেষ এক হয়ে গেছে কবির বর্ণনায়। কলেজ থেকে বেরিয়ে এলাম শেষ বারের মত – ‘এবারের মতো বসন্ত গত জীবনে’।

**দৃশ্য চারঃ** কয়েক দিন পরে একবার যেতে হয়েছিল কলেজে আবশ্যিক বৈষয়িক কাজগুলি করার জন্য। বেরিয়ে এসে দেখি একটা ট্যান্সি, না, কোনও সর্দারজি নয়, অল্পবয়সি এক বাঙালি ড্রাইভার। প্রায় আমাদের গন্তব্য জায়গায় পৌঁছে দেয়া।

‘বাড়ি যাবেন ঠাকুমা?’ – ঠাকুমা! কেমন হোলো ব্যাপারটা? এই ছেলেটা তো এতদিন ‘বড়দি’, ‘ম্যাডাম’ এই সব নামেই ডেকেছে। আজ একেবারে ‘ঠাকুমা’? এ কি তাহলে জেনে গেছে, যে আমি রিটারার করেছি। আজ আমি আর ম্যাডাম নই, বড়দি নই, শুধুই একজন ঠাকুমা। এদেশের ‘সিনিয়ার সিটিজেন’ এর তালিকায় নবতম সংযোজন?

চিন্তা হল; একে আমি কি বলব – গড়ের মাঠে হাওয়া খেতে যাবো? ‘ছিন্ন শিকল পায়ে নিয়ে’ আমারও যে হাওয়া খেতে ইচ্ছে করছে। কিন্তু এ যদি আমাকে পাগল ভাবে? যদি ভাবে ‘ঠাকুমা’র ভীমরতি ধরেছে?

তাই – ভাই শক্তি, আমার গড়ের মাঠে হাওয়া হয়নি। হাওয়া খাওয়াও হয়নি। আমাদের দেশের অবসর প্রাপ্ত পুরুষ/মহিলারা, বিশেষ করে মহিলারা হঠাৎ করে বৃদ্ধ হয়ে যান। তাই গড়ের মাঠে না গিয়ে আমি গেলাম আমাদের কলেজের কাছেই ঠনঠনিয়ার কালীবাড়ি। আমি রিটারার করেছি বলে কথা! আমাকে তো এখন পরকালের কথা চিন্তা করতেই হবে। সত্যজিৎ রায়ের ‘তুলসী চক্রবর্তী’ না হতে পারি, ‘ইন্দির ঠাকরুন’ মানে চুনিবালা দেবী তো হতে পারি। বলতে তো পারি সুর করে – ‘হরি দিন তো গেল, সন্ধ্যা হল, পার কর আমারে’।

**শেষ দৃশ্যঃ** অনেক দূরের এক দৃশ্য। আমেরিকার লস এঞ্জেলসের ম্যানহাটন বীচে এসেছি ছেলের সঙ্গে। অবশ্যই রিটারারমেন্টের পরো ক্যামেরা নিয়ে চার পাশের ছবি তুলছি।

